# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৭৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ের শর্তসমূহ

بَابٌ فِى الْبَيْعِ الْمَشْرُوْطِ

আরবী

وَعَنْ جَابِرٍ: أَنَّهُ كَانَ يَسِيرُ عَلَى جَمَلٍ لَهُ قد أعيي فَمَرَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِهِ فَضَرَبَهُ فَسَارَ سَيْرًا لَيْسَ يَسِيرُ مِثْلَهُ ثُمَّ قَالَ: «بِعْنِيهِ بِوُقِيَّةٍ» قَالَ: فَبِعْتُهُ فَاسْتَثْنَيْتُ حُمْلَانَهُ إِلَى أَهْلِي فَلَمَّا قَدِمْتُ الْمَدِينَةَ أَتَيْتُهُ بِالْجَمَلِ وَنَقَدَنِي ثَمَنَهُ وَفِي رِوَايَةٍ فَأَعْطَانِي ثَمَنَهُ وَرَدَّهُ عَلَيَّ. مُتَّفَقٌ عَلَيْهِ. وَفِي رِوَايَةٍ لِلْبُخَارِيِّ أَنَّهُ قَالَ لِبِلَالٍ: «اقْضِهِ وَزِدْهُ» فَأَعْطَاهُ وَزَادَهُ قِيرَاطًا

বাংলা

২৮৭৬-[২] জাবির (রাঃ) হতে বর্ণিত। একদিন তিনি তাঁর একটি উটে চড়ে যাচ্ছিলেন, উটটি নিতান্তই ক্লান্ত-শ্রান্ত হয়ে পড়েছিল। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উটটির কাছে গেলেন এবং তাকে আঘাত করলেন। এতে করে উটটি এমন দ্রুত গতিতে চলতে লাগলো যে, যেরূপ চলতে (পূর্বে) সে সক্ষম ছিল না। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, উটটি আমার কাছে (চল্লিশ দিরহাম বা রৌপ্য-মুদ্রায়) বিক্রি করে ফেল। তিনি বলেন, উক্ত দরে আমি বিক্রি করলাম, কিন্তু এ শর্ত দিলাম যে, আমি বাড়ি পর্যন্ত পৌঁছতে এর উপর চড়ব। মদীনায় পৌঁছে আমি উটটি নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হলাম; তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে এর মূল্য আদায় করে দিলেন। অপর এক বর্ণনায় আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে এর মূল্য আদায় করে দিলেন এবং উটটিও ফেরত দিয়ে দিলেন। (বুখারী ও মুসলিম)[1]

বুখারীর এক বর্ণনায় আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বিলাল -কে বললেন তাঁকে এর মূল্য দিয়ে দাও এবং কিছু অতিরিক্তও দিয়ে দাও। উক্ত দরে বিলাল জাবির -কে তাঁর প্রাপ্য প্রদান করলেন এবং অতিরিক্ত এক ক্বীরাত্ব দিলেন।

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৭১৮, মুসলিম ৭১৫, নাসায়ী ৪৬৩৭, তিরমিযী ১২৫৩, আহমাদ ১৪১৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সহীহ মুসলিম ও মুসনাদে আহমাদ-এর বর্ণনায় রয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একে (উট) পা দ্বারা আঘাত করলেন এবং দু‘আ করলেন। ইউনুস বিন বাকির (রহঃ)-এর বর্ণনায় রয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একে আঘাত করলেন এবং দু‘আ করলেন, অতঃপর উট এমন দ্রুত চলতে লাগল, এর পূর্বে আর কখনো এমন দ্রুত চলেনি। ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে শর্তারোপ বৈধ কিনা- এ মর্মে ইখতিলাফ রয়েছে, তবে মুদ্দা কথা হলো যারা শর্তের বৈধতার কথা উল্লেখ করেছেন তাদের সংখ্যা মুখালিফদের তুলনায় ঢের বেশী এবং এটাই প্রাধান্যযোগ্য হওয়ার একটি দিক। অতঃপর এটাই (শর্তারোপ বৈধ হওয়ার মত) অধিক বিশুদ্ধ এবং এ ব্যাপারে জাবির (রাঃ) হতে অর্থগত শর্তের ব্যাপারে বর্ণিত রয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ উটটি আমার কাছে বিক্রি কর এবং তুমি এর পিঠে সওয়ার হয়ে মদীনায় পৌঁছার শর্ত থাকবে। এছাড়াও এ মর্মে একাধিক হাদীস রয়েছে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৭১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68203

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন